...জেলা নির্বাহী অফিসার, রাজৈর সভায় বলেন যে, প্রতিটি শিশু জন্মের সাথে সাথে জন্ম নিবন্ধন করার অনুরোধ করেন। খালের বিষয়ে সঠিক তথ্য প্রদানের ... করেন। পৌর এলাকায় সরকারি জমি ব্যবহার করে দোকান/মার্কেট নির্মান করতে হলে পৌরসভাকে এনওসি নেয়াসহ জমি সংক্রান্ত কোন প্রকল্প আসলে উপজেলা নির্বাহী অফিসারকে জানানোর অনুরোধ করেন। টেকেরহাট বাজারে উপজেলা পরিষদের একটি মার্কেট পরিত্যক্ত হওয়ার কারনে দ্রুত নোটিশ প্রদান করে জরাজীর্ণ ভবনটি ভেঙ্গে ফেলার কার্যক্রম গ্রহণ করা হবে। পৌরসভার একজন প্রতিনিধি নিয়ে জনস্বাস্থ্যের সাথে সমন্বয় করে পানির লাইন নির্মান করার অনুরোধ করা হয়। রাজৈর উপজেলাকে ভূমিহীন গৃহহীন মুক্ত ঘোষণা করার জন্য সভা করা হয়েছে। দ্রুতই সভাকরে চলতি অর্থ বছরের এডিপি প্রকল্প চূড়ান্ত করা হবে। প্রতি মাসের আইন শৃংখলা সভা এবং সাধারণ সভার নোটিশ ও কার্যবিবরণীসহ উপজেলা পরিষদের সকল তথ্য নিয়মিত ওয়েব সাইটে আপলোড করার জন্য সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, রাজৈরকে অনুরোধ করা হয়।

সিদ্ধান্ত সংশ্লিষ্ট বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(গ) ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজৈর সভায় জানান যে, টেকেরহাটের খালটি নিরসনে অবৈধ স্থাপনা উচ্ছেদের ব্যবস্থা নেয়ার অনুরোধ করেন। আমগ্রাম ব্রীজের ঢালে ১০০০ মিঃ রাস্তা (৫০০ মিঃ আমগ্রাম ইউপি ও ৫০০ মিঃ রাজৈর পৌরসভা) আইডি নম্বর হওয়ার পরও কোন সুরাহা হয়নি। দ্রুত ব্যবস্থা নেয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।

সিদ্ধান্ত বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঘ) মেয়র, রাজৈর পৌরসভা, মাদারীপুর বলেন যে, জনস্বাস্থ্য প্রকৌশল কর্তৃক রাজৈর পৌরসভায় বাস্তবায়িত নিরাপদ পানি সরবরাহের লাইন মেরামত করে পৌরসভাকে জানানোর অনুরোধ করেন। কৃষি বীজসহ সকল কৃষি পণ্য বিতরণের জন্য প্রকৃত কৃষকদের কৃষি কার্ড তৈরী করা হয়েছে কিনা? না হয়ে থাকলে ব্যবস্থা নেয়ার অনুরোধ করেন। বিধবা ভাতা বরাদ্দ পাওয়া গেছে কিনা? রাজৈর পৌর এলাকায় উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের কোন কার্যক্রম আছে কিনা? পৌর এলাকার অধিকাংশ খালই বেদখল হয়ে পড়েছে। ৯নং ওয়ার্ডের খাল বেদখল হয়ে গেছে। অবৈধ দখলমুক্ত করতে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, রাজৈর ও সহকারী কমিশনার (ভূমি), রাজৈরকে অনুরোধ করেন। জমি প্রাপ্তি সাপেক্ষে কিচেন মার্কেট নির্মাণ করা হবে। টেকেরহাট কাঠের পোলের স্থানের ব্রীজটি দ্রুত মেরামত করা প্রয়োজন। নয়াকান্দি, সুইচ গেট গ্রামে কবরস্থান নির্মাণের জন্য অনুরোধ করেন। সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।

(ঙ) চেয়ারম্যান, পাইকপাড়া ইউপি, রাজৈর বলেন, হাসপাড়িয়া দামেরচর রাস্তা কার্পেটিং না হওয়ায় ধুলাবালিতে আশেপাশের বাড়িঘর নষ্ট হয়ে যাচ্ছে। দ্রুত ব্যবস্থা নেয়ার অনুরোধ। দামেরচর বাজারে টয়লেট নির্মাণ করা প্রয়োজন। চরসাজিরাবাদ আশ্রয়ন প্রকল্পের পাশে নদীতে ঘাটলা নির্মাণ করা প্রয়োজন। শ্রীফলতলী ফুট ব্রীজ উচু হওয়ায় যানবাহন চলাচল করতে পারে না। শ্রীরামপুর হালদারহাট হতে লক্ষেন বাজার রাস্তায় আকন বাড়ি সংলগ্ন রাস্তা ভেঙ্গে পড়ার কারনে ঐ এলাকায় যোগাযোগ বিচ্ছিন্ন হওয়ার উপক্রম হয়েছে। দ্রুত ব্যবস্থা নেয়ার অনুরোধ করেন।

সিদ্ধান্ত চেয়ারম্যান, পাইকপাড়া ইউপি, রাজৈর এর প্রস্তাব অনুযায়ী ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(চ) চেয়ারম্যান, ইশিবপুর ইউপি, রাজৈর সভায় জানান যে, মজুমদারপুর হতে গাংকান্দি শাখারপাড় হয়ে মধ্য শাখারপাড় পর্যন্ত রাস্তা মেরামত ও হাসানকান্দি আনছের খানের মাদ্রাসা সংলগ্ন খালের উপর ব্রীজ নির্মাণ এবং হাসানকান্দি সুজন চৌধুরীর বাড়ির সামনে খালের উপর ব্রীজ মুন্সিরকান্দি শাখারপাড় রাস্তায় বীর মুক্তিযোদ্ধা ইস্কান্দার মাতুব্বরের বাড়ির সামনে খালের উপর ইয়াসিন মিয়ার বাড়ির সামনে খালের উপর ব্রীজ নির্মাণ করা প্রয়োজন। দ্রুত কার্যকরী ব্যবস্থা নেয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।

সিদ্ধান্ত বিস্তারিত আলোচনান্তে চেয়ারম্যান, ইশিবপুর ইউপি, রাজৈর এর প্রস্তাব মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

(ছ) চেয়ারম্যান, খালিয়া ইউপি, রাজৈর সভায় জানান যে, খালিয়া বাজার টু বাধানবাড়ি রাস্তা ও ইউনিয়ন পরিষদ সংযোগ সড়ক যাতায়াত অনুপযোগি হয়ে পড়েছে। চলতি অর্থ বছরে নূরপুর রাস্তা কার্পেটিং করার জন্য অনুরোধ করেন। পশ্চিম স্বরমঙ্গল সোনামুদ্দিনের বাড়ির সামনে ব্রীজ জরাজীর্ণ হয়ে পড়েছে। দ্রুত মেরামত/সংস্কার করা প্রয়োজন। সাতপাড় রেজ্জাকের বাড়ির সামনে ব্রীজ নির্মাণ করা প্রয়োজন।

সিদ্ধান্ত বিস্তারিত আলোচনান্তে চেয়ারম্যান, খালিয়া ইউপি, রাজৈর এর প্রস্তাব মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

(জ) চেয়ারম্যান, বদরপাশা ইউপি, রাজৈর সভায় জানান যে, আশ্রয়ন প্রকল্পের সামনে নদীতে একটি ব্রীজ নির্মাণ করা প্রয়োজন। রাজৈর কৃষি কলেজের পাশে একটি ফুট ব্রীজ ছিল। ব্রীজটি ভেঙ্গে গেছে। পাশেই একটি জামে মসজিদ রয়েছে। এ কারনে দ্রুত এখানে একটি ব্রীজ নির্মাণের অনুরোধ করেন।

সিদ্ধান্ত বিস্তারিত আলোচনান্তে চেয়ারম্যান, বদরপাশা ইউপি, রাজৈর এর প্রস্তাব মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঝ) চেয়ারম্যান, আমগ্রাম ইউপি, রাজৈর সভায় জানান যে, উপস্বাস্থ্য কেন্দ্রে ডাক্তার নাই। দ্রুত ডাক্তার পদায়ন করার জন্য অনুরোধ করেন। আমগ্রামের অধিকাংশ রাস্তার বেহাল দশা। লখন্ডা আমগ্রাম বাজার হতে কোটালীপাড়া রাস্তার পাশে গাছের কারনে সংস্কার করা যাচ্ছে না। দ্রুত ব্যবস্থা নেয়ার অনুরোধ করেন।

সিদ্ধান্ত বিস্তারিত আলোচনান্তে চেয়ারম্যান, আমগ্রাম ইউপি, রাজৈর এর প্রস্তাব মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

